

# 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৮৩

৫. হজ অধ্যায় (এшانما واتك)

পরিচ্ছেদঃ ৩১. (কোনো মহিলা) হায়িযগ্রস্ত হলে তার হজ্জের ক্ষেত্রে সে যেসকল কাজ সম্পাদন করবে

بَابِ مَا تَصْنَعُ الْحَاجَّةُ إِذَا كَانَتْ حَائِضًا

### আরবী

أَخْبَرَنَا خَالِدُ بْنُ مَخْلَدِ حَدَّثَنَا مَالِكٌ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْقَاسِمِ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ قَدِمْتُ مَكَّةَ وَأَنَا حَائِضٌ وَلَمْ أَطُفْ بَيْنَ الصَّفَا وَالْمَرْوَةِ فَشَكَوْتُ ذَلِكَ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ افْعَلِي مَا يَفْعَلُ الْحَاجُّ غَيْرَ أَنْ لَا تَطُوفِي بِالْبَيْتِ

#### বাংলা

১৮৮৩. আয়িশা রাদ্যাল্লাহু আনহা হতে বর্ণিত, তিনি বলেন, আমি হায়িযগ্রস্ত অবস্থায় মক্কায় উপস্থিত হলাম। কিন্তু সাফা ও মারওয়ার মাঝে তাওয়াফ করতে পারলাম না। ফলে আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট এ বিষয়ে অভিযোগ করলে তিনি বলেন: একজন হাজ্জ পালনকারী যা করেন তুমিও তা-ই কর, কিন্তু তুমি বায়তুল্লাহ তাওয়াফ করবেনা।[1]

# ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ শক্তিশালী। হাদীসটি বুখারী মুসলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: মালিক, হাজ্জ ২৩২; বুখারী, হাজ্জ, ১৭৫৭;এর মূল রয়েছে, হায়িয ২৯৪; মুসলিম, হাজ্জ ১২১১;

আমরা এর তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৪৫০৪, ৪৯১৭ ও সহীহ ইবনু হিব্বান নং ৩৮৩৫, ৩৮৩৪তে।

## হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন